শিক্ষাগত যোগ্যতা

শাখা	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান	GCE 'ও' এবং 'এ' লেভেল
জিডি(পি)	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ ও গণিত-সহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'বি'।
জিডি(এন)	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ ও গণিত-সহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'বি'।
ইঞ্জিনিয়ারিং	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় চতুর্থ বিষয় ব্যতীত জিপিএ ৪.৫০ এবং পদার্থ, রসায়ন ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ, রসায়ন ও গণিত-সহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে পদার্থ, রসায়ন ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'বি'।
লজিস্টিক/এটিসি/এডিডব্লিউসি	উভয় পরীক্ষায় বিজ্ঞান শাখায় জিপিএ ৪.৫০ এবং পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'এ'।	'ও' লেভেলে পদার্থ ও গণিত-সহ কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি'এবং 'এ' লেভেলে পদার্থ ও গণিত-এ ন্যূনতম লেটার গ্রেড-'বি'।
	লজিস্টিক/এডমিন/এটিসি/এডিডব্লিউসি প্রার্থীদের শাখা এক বছর প্রশিক্ষণ শেষে নির্ধারণ করা হবে।	
এডমিন	উভয় পরীক্ষায় যে কোনো শাখায় জিপিএ ৪.৫০।	'ও' লেভেলে কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি' এবং 'এ' লেভেলে ২টি বিষয়ে ন্যূনতম লেটার গ্রেড-'বি'।

অন্যান্য যোগ্যতা

- নাগরিকত্ব : বাংলাদেশী পুরুষ/মহিলা নাগরিক।
- বৈবাহিক অবস্থা : অবিবাহিত।
- বয়স : ১৬ বছর ৬ মাস হতে ২২ বছর (০১ জুলাই ২০২১ তারিখে), বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়।
- পুরুষ প্রার্থীদের জন্য : উচ্চতা : কমপক্ষে ৬৪ ইঞ্চি।
  - বুকের মাপ : কমপক্ষে ৩২ ইঞ্চি। প্রসারণ: ২ ইঞ্চি।
- মহিলা প্রার্থীদের জন্য : উচ্চতা : জিডি(পি)- কমপক্ষে ৬৪ ইঞ্চি।
  - অন্যান্য : কমপক্ষে ৬২ ইঞ্চি।
  - বুকের মাপ : কমপক্ষে ২৮ ইঞ্চি। প্রসারণ: ২ ইঞ্চি।
- ওজন : বয়স ও উচ্চতা অনুযায়ী।
- চোখ : জিডি(পি) শাখার প্রার্থীদের জন্য দু'চোখের দৃষ্টিশক্তি ৬/৬ এবং Color Perception Standard-I। অন্যান্য শাখার প্রার্থীদের জন্য বিধি অনুসারে।

প্রার্থীর জন্য অযোগ্যতা

১। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোন সরকারি চাকরি হতে বরখাস্ত/অপসারিত/স্বেচ্ছায় পদত্যাগ গ্রহণ।
২। আইএসএসবি পরীক্ষায় দু'বার ক্রীন আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার ক্রীন আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবে)।
৩। যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।
৪। সিএমবি অথবা আপীল মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যাখ্যাত।
৫। বয়স ১৯ বছর হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) করা হলে গ্রহণযোগ্য নয়।
ল্যাসিক অপারেশনের তারিখ হতে চোখ পরীক্ষার তারিখের মধ্যে ন্যূনতম ৬ (ছয়) মাস অতিবাহিত হতে হবে।

প্রশিক্ষণ ও কমিশন

বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহসহ বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ০৩ বছর মেয়াদী প্রশিক্ষণ শেষে 'ফ্লাইং অফিসার' পদবীতে নিয়মিত কমিশন প্রদান করা হবে। কমিশনপ্রাপ্তির পরবর্তী ০১ বছরসহ মোট ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি প্রদান করা হবে।

নির্বাচন পদ্ধতি

১। প্রাথমিক লিখিত পরীক্ষা: আইকিউ, ইংরেজি, গণিত ও পদার্থ, শুদ্ধমাত্র এডমিন শাখার প্রার্থীদের জন্য: আইকিউ, ইংরেজি ও সাধারণ জ্ঞান; ২। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা: ৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা: ৪। আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি): ৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত যাচ্ছা পরীক্ষা: ৬। ক্যাডেট চূড়ান্ত নির্বাচন পর্ষদ (সিএফএসবি)।
বি. দ্র. পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেকট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

অফিসার ক্যাডেট হিসেবে ভর্তি পরবর্তী সুবিধাদি

ক্যারিয়ারঃ বিমান বাহিনীতে রয়েছে বৈমানিক হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ। এছাড়াও নেভিগেটর, ইঞ্জিনিয়ার, লজিস্টিক অফিসার, এয়ার ট্রাফিক কন্ট্রোলার, এয়ার ডিফেন্স উইপন কন্ট্রোলার এবং এডমিনিস্ট্রেটিভ অফিসার হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ।

বিদেশে প্রশিক্ষণঃ প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশনপ্রাপ্তির পর মেধাবী অফিসার ক্যাডেট এবং অফিসারগণের পেশাগত প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।

উচ্চ শিক্ষা সুবিধাঃ বিমান বাহিনীর তত্ত্বাবধানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস-সহ দেশে/বিদেশে মাস্টার্স ও পিএইচডিসহ উচ্চতর শিক্ষা অর্জনের সুযোগ।

জাতিসংঘ মিশনঃ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে গমনের সুযোগ।

বাংলাদেশ দূতাবাসঃ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে সামরিক/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।

সন্তানদের অধ্যয়নঃ সন্তানদের যোগ্যতার ভিত্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি, বিইউপি, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, এমআইএসটি, ক্যাডেট কলেজ ও বিমান বাহিনী পরিচালিত বিএএফ শাহীন স্কুল/কলেজে (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং ইংলিশ মিডিয়াম (ব্রিটিশ কারিকুলাম) এ অধ্যয়নের সুযোগ।

বাসস্থান ও রেশনঃ নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্মত সুসজ্জিত বাসস্থান এবং ভর্তুকি মূল্যে রেশন প্রাপ্তির সুযোগ।

যাতায়াতঃ বিমান বাহিনীর এক ঘাঁটি থেকে অন্য ঘাঁটিতে সপরিবারে বিমান বা হেলিকপ্টারযোগে যাতায়াতের সুযোগ।

গাড়ি ঋণ ও ডিওএইচএস প্লটঃ শর্ত সাপেক্ষে সুদমুক্ত গাড়ি ঋণ ও ডিওএইচএস-এ প্লট প্রাপ্তির সুযোগ।

চিকিৎসাঃ সামরিক হাসপাতালে নিজ, স্ত্রী ও সন্তানদের উন্নত চিকিৎসা, প্রয়োজনে নগদ অর্থ প্রদানসহ বিদেশে চিকিৎসার সুযোগ। পাশাপাশি সামরিক হাসপাতালে পিতা, মাতা, শ্বশুর ও শাশুড়ির উন্নত চিকিৎসার সুযোগ রয়েছে।

শাখা পরিবর্তনের সুযোগঃ উচ্চমানে অকৃতকার্য প্রার্থীগণ শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী শূন্যপদ সাপেক্ষে অন্যান্য শাখায় কমিশনপ্রাপ্তির সুযোগ।

মুজিব শতবর্ষ MUJIB 100

বাংলাদেশ বিমান বাহিনী — বাংলার আকাশ রক্ষিব মুক্ত

বাংলাদেশ বিমান বাহিনীতে
অফিসার ক্যাডেট হিসেবে যোগ দিন
৮৫ BAFA কোর্স

যোগদানের সম্ভাব্য তারিখ ০১ জানুয়ারি ২০২২

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীরা আবেদন করতে পারবে।

পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

পরীক্ষার তারিখ	পরীক্ষা কেন্দ্র
২২, ২৩ ও ২৪ ফেব্রুয়ারি ২০২১	সকল বিভাগ ও সকল জেলার প্রার্থীদের জন্য
০১, ০২, ০৩, ০৮, ০৯, ১০, ২২, ২৪ ও ৩১ মার্চ ২০২১	বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
০৫, ০৬, ০৭, ১২, ১৯, ২০, ২১, ২৬, ২৭ ও ২৮ এপ্রিল ২০২১	

বি. দ্র. কোন প্রার্থী নির্ধারিত পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোনো দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে টেলিফোনের মাধ্যমে জানাতে হবে।

বিশেষ সুযোগ-সুবিধা

প্রশিক্ষণকালীন অফিসার ক্যাডেটদের মাসিক বেতন ১০,০০০.০০ টাকা এবং প্রশিক্ষণ শেষে পদবী অনুসারে আকর্ষণীয় বেতন ও ভাতাদি প্রাপ্য।

প্রশিক্ষণ শেষে অর্জিত ডিগ্রি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর অধীনে বিএসসি (সম্মান) এ্যারোনটিক্স ডিগ্রি অর্জন।

হুঁশিয়ারি

ভর্তির বিষয়ে কোনো অসৎ ব্যক্তির সাথে যোগাযোগ বা আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না। কেননা, বিমান বাহিনীতে অফিসার ক্যাডেট হিসেবে ভর্তির প্রক্রিয়ায় অনুসরণীয় পদ্ধতিতে কোনো প্রকার সুপারিশের মাধ্যমে বা অবৈধভাবে লেনদেন দ্বারা সফলতা পাওয়ার সুযোগ নেই।

সরকারি স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল পরীক্ষা গ্রহণ করা হবে।

আবেদনপত্র জমাদানের নিয়মাবলী

প্রার্থীদের আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতঃ পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে:
১। সকল শিক্ষাগত যোগ্যতার সামগ্রিক সনদ, প্রশংসাপত্র এবং নম্বরপত্রসমূহের সত্যায়িত ফটোকপি।
২। নাগরিকত্ব, চারিত্রিক সনদ, বৈবাহিক অবস্থা ও স্থায়ী ঠিকানার সনদ জমা দিতে হবে। উক্ত সনদ যা যা ইউনিয়ন পরিষদ/মিউনিসিপ্যাল চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে আনতে হবে। উক্ত সনদের সাথে সনাক্তকারীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।
৩। সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ১২ কপি সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত ছবি হতে হবে)।
৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
৫। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যা যা কর্মস্থল/প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রার্থীতার জন্য অনুমতিপত্র।
৬। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৭। জেলা বা বিভাগীয় পর্যায়ে খেলাধুলার কোন কৃতিত্বের সনদ থাকলে তার সত্যায়িত ফটোকপি।
৮। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

অনলাইনে আবেদনের নিয়মাবলী

সরাসরি www.joinbangladeshairforce.mil.bd ওয়েবসাইটে 'Apply Now'-এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে ফি বাবদ ১,০০০/- টাকা পরিশোধ করা হলে রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড-এর মাধ্যমে 'Login' করে অনলাইনে আবেদনপত্র পূরণ ও প্রিন্ট করতে হবে। উক্ত আবেদনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ১২ কপি সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত ছবি হতে হবে), শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে।

অনলাইনে আবেদনের সময়সীমা: ২০ নভেম্বর ২০২০ থেকে ২৮ এপ্রিল ২০২১* | * শর্ত প্রযোজ্য

শর্ত প্রযোজ্য: সকল নিয়ম ও শর্তসমূহ বিমান বাহিনী কর্তৃপক্ষ পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

রিক্রুটমেন্ট পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা ক্যান্টনমেন্ট। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। ফোন: ১৬১২৫ অথবা ০৯৬০৩-৯৯৯ ০০০

বিস্তারিত তথ্য ও অনলাইনে আবেদন করতে লগ ইন করুন www.joinbangladeshairforce.mil.bd Follow us: www.facebook.com/baf.mil.bd